



---

AS

**BENGALI**

Unit 1 Reading and Writing

---

**Insert**

Text to be used when answering Section 1

## Text for use with Section 1

### বিভাগ ১

#### ভ্রমণ অভিজ্ঞতা

বিকেলের লন্ডন ছাড়তে হবে পুতুলদের। বাবলু মামার সঙ্গে সে এসেছিলো লন্ডনে এক চিত্র প্রদর্শনীর আয়োজন করতে। মামা একজন নামকরা চিত্রকর। তবে ছবি আঁকা ছাড়াও কোনো রহস্যের গন্ধ পেলেই তার পেছনে ছোট্ট আরেক নেশা আছে মামার। লন্ডন শহরটা ঘুরে দেখাও হলো না পুতুলের। তাহলে? দেশে ফেরার জন্য বাবলু মামার এই তাড়াহুড়া কি নতুন কোনো রহস্যের সন্ধান? মন খারাপ হলো তার।

পুতুলের বিষণ্ণতা দূর করতে মামা তাঁর পুরনো এক অভিযানের কথা ওঠালেন, “তুই তো সেবার আমার সঙ্গে গিয়েছিলি হিমালয়ে। যে ইয়েতিকে কেউ বলে জম্বু, কেউ বলে বরফ-মানুষ, যার পায়ের ছাপ শুধু দেখা গেছে কিন্তু প্রাণীটিকে কেউ কখনো দেখেনি। সে পায়ের ছাপও ইয়েতিরই কিনা সেটা নিয়ে সারা পৃথিবীর বৈজ্ঞানিকদের মধ্যে ঘোর সন্দেহ। সেই ইয়েতির একটি মূর্তি এভারেস্টের কাছাকাছি এক মন্দিরে রাখা আছে। খবরটা পেয়েই সেটার সন্ধান না করে কি ফিরতে পেরেছিলাম? এ ধরনের আরেকটা রহস্যের সন্ধান আমি পেয়েছি।”

পুতুলরা হিথরোর পথে যানজটে আটকে গিয়েছিলো। দুর্ভাগ্যবশত বিমানবন্দরে যখন তারা পৌঁছালো তখন কাউন্টার বন্ধ হয়ে গিয়েছিলো। অনুনয় করে, টিকিট ও পাসপোর্ট দেখিয়েও লাভ হলো না। অবশেষে বিমানের ম্যানেজারের সঙ্গে কথা বলে, মামার পরিচয়পত্র দেখিয়ে পুতুলরা কোনোমতে চেক-ইন করলো। তারপর ইমিগ্রেশান পেরিয়ে বাংলাদেশ বিমানের গেটের দিকে এগোতেই দেখতে পেলো সামনে যাত্রীদের অসম্ভব ভিড়।

মামা বললেন, “ঠেলাঠেলি না করে সবার শেষেই উঠবো। চল, এই ফাঁকে কফি খেয়ে নিই। কফি খাই বলে শরীরটা ঝরঝরে থাকে। আমার এই রহস্য-সন্ধানী মনটাকে কফি সতেজ রাখে, কাজে-কর্মেও আমাকে শক্তি জোগায়,” বললেন বাবলু মামা।

বিমানে ওঠার শেষ ঘোষণা শুনে পুতুলরা টানেল পার হয়ে বিমানের দরজায় পৌঁছালো। যাত্রীদের স্বাগত জানানোর জন্য বিমানের প্রবেশপথেই হাসিমুখে দাঁড়িয়ে আছে সিল্কের শাড়ি পরা, খোঁপা করা, সুন্দরী একজন বিমান বালা। জিন্স পরা পুতুলের দিকে আড়চোখে তাকিয়ে মামা চোখ ফেরালেন বিমানবালার দিকে। উচ্ছসিত হয়ে ওর মধ্যেই যেন খুঁজলেন জীবনানন্দ দাসের বনলতা সেনকে। বাবলু মামাকে দেখেই কেমন ভ্যাবাচ্যাকা খেলো বিমানবালাটি। মামার পরনে কালো আলখাল্লা, দাঁড়ি আর লম্বা চুল যা বাঙালি যাত্রীদের মধ্যে সচরাচর দেখা যায় না, সম্ভবত তাকে ভড়কে দিয়ে থাকবে।

বোর্ডিং কার্ড দেখাতেই মেয়েটি সামনের সারির দুটো আসন তাদের দেখালো। জানালার ধারে বসে আছে এক ইংরেজ ভদ্রলোক। লোকটি বাংলাদেশের ম্যাপ দেখছিলো আর সিলেট অঞ্চলের ওপর আঙুল ঘোরাচ্ছিলো। মামা সেটা লক্ষ্য করে তাকে ইংরেজিতে বললেন, “সিলেটে যাচ্ছেন? চা বাগান দেখতে ভুলবেন না। সিলেটে আছে ভারতবর্ষের সবচেয়ে প্রাচীন চা বাগানটি। সিপাহী বিদ্রোহেরও আগে আঠারোশ’ চুয়ান্ন সালে এই চা বাগানটির জন্ম। সিলেট বিমানবন্দরের কাছাকাছি, শহরে যাবার পথে পড়ে এই মালিনিছড়া চা বাগান।”

#### Copyright information

For confidentiality purposes, from the November 2015 examination series, acknowledgements of third party copyright material will be published in a separate booklet rather than including them on the examination paper or support materials. This booklet is published after each examination series and is available for free download from [www.aqa.org.uk](http://www.aqa.org.uk) after the live examination series.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team, AQA, Stag Hill House, Guildford, GU2 7XJ.